

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-৪৫.০০.০০০০.১৬০.৯৯.০০২.২০-১৯৮

তারিখঃ ১৫-০৩-২০২০ইং


প্রজ্ঞাপন

বাংলাদেশের অভ্যন্তরে করোনাভাইরাস প্রতিরোধ ও মোকাবেলার লক্ষ্যে সিটি কর্পোরেশন এলাকার জন্য নিম্নরূপ কমিটি নির্দেশক্রমে গঠন করা হ'লঃ

(১) মেয়র, সিটি কর্পোরেশন	সভাপতি
(২) পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (যদি থাকে)	সদস্য
(৩) জেলা প্রশাসক এর প্রতিনিধি	সদস্য
(৪) বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য)/সিভিল সার্জন	সদস্য
(৫) তত্ত্বাবধায়ক, জেলা/জেনারেল হাসপাতাল (সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন এলাকাভূক্ত)	সদস্য
(৬) পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা	সদস্য
(৭) বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা	সদস্য
(৮) পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়	সদস্য
(৯) পরিচালক, পরিবার পরিকল্পনা	সদস্য
(১০) প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন	সদস্য সচিব

কমিটির কার্যপরিধিঃ

- এ কমিটি করোনাভাইরাস প্রতিরোধ সংক্রান্ত জাতীয় কমিটির নির্দেশনা বাস্তবায়ন করবে;
- করোনাভাইরাস প্রতিরোধের লক্ষ্যে সচেতনতা সৃষ্টি, প্রয়োজনে কোয়ারেন্টাইনসহ আর্থিক ও লজিস্টিক সহায়তার বিষয়ে পদক্ষেপ গ্রহণ করবে;
- করোনাভাইরাস সংক্রান্ত যে কোন তথ্য পাওয়া গেলে তাৎক্ষণিক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ জাতীয় কমিটির পরামর্শ গ্রহণ করবে;
- সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।


১৫.০৩.২০২০
(মোঃ সিরাজুল ইসলাম)
অতিরিক্ত সচিব
ফোনঃ ৯৫৪৫৭৭২